

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৬২

ভূমিকা পর্ব (১৯৯০)

পরিচ্ছেদঃ ৪৫. জ্ঞাত বিষয় সম্পর্কে জিজ্ঞাসিত হয়ে যে ব্যক্তি তা গোপন করে

بَابِ مَنْ سُئِلَ عَنْ عِلْمٍ فَكَتَمَهُ

### আরবী

حَدَّثَنَا أَبُو مَرْوَانَ الْعُثْمَانِيُّ، مُحَمَّدُ بْنُ عُثْمَانَ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدٍ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ هُرْمُزَ الأَعْرَجِ، أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ، يَقُولُ وَاللَّهِ لَوْلاَ آيتَانِ فِي كِتَابِ اللَّهِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ هُرْمُزَ الأَعْرَجِ، أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ، يَقُولُ وَاللَّهِ لَوْلاَ آيَتَانِ فِي كِتَابِ اللَّهِ تَعَالَى مَا حَدَّثْتُ عَنْهُ \_ يَعْنِي عَنِ النَّبِيِّ \_ صلى الله عليه وسلم \_ \_ شَيْئًا أَبَدًا لَوْلاَ قُولُ اللَّهِ (إِنَّ النَّذِينَ يَكْتُمُونَ مَا أَنْزَلَ اللَّهُ مِنَ الْكِتَابِ) إِلَى آخِرِ الآيَتَيْنِ .

#### বাংলা

২/২৬২। আবদুর রহমান ইবনু হুরমুয আল-আরাজ (রহঃ) থেকে বর্ণিত। তিনি আবূ হুরায়রা (রাঃ) কে বলতে শুনেছেন, আল্লাহ্র শপথ! যদি মহান আল্লাহ্র কিতাবে (কুরআন মজীদ) দুটি আয়াত না থাকতো, তাহলে আমি কখনো নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে কোন হাদীস বর্ণনা করতাম না। যদি আল্লাহ্র এই বাণী না থাকতো (অর্থ) আল্লাহ যে কিতাব নাযিল করেছেন যারা তা গোপন রাখে এবং বিনিময়ে তুচ্ছ মূল্য গ্রহণ করে, তারা নিজেদের পেটে আগুন ছাড়া আর কিছুই ভরে না। কিয়ামতের দিন আল্লাহ তাদের সাথে কথা বলবেন না, তাদের পবিত্র করবেন না এবং তাদের জন্য রয়েছে মর্মন্তুদ শাস্তি। এরাই সৎপথের বিনিময়ে ভ্রান্ত পথ এবং ক্ষমার পরিবর্তে শাস্তি ক্রয় করেছে। আগুন সহ্য করতে এরা কতই না ধৈর্যশীল। (সুরাহ বাকারাঃ ১৭৪-১৭৫)

## **English**

It was narrated that 'Abdur-Rahman bin Hurmuz Al-A'raj heard Abu Hurairah say:

"By Allah, were it not for two Verses in the Book of Allah, I would never have narrated anything from him, meaning from the Prophet, were it not for the Words of Allah: Verily, those who conceal what Allah has sent down of the Book, and purchase a small gain therewith (of worldly things), they eat into their bellies nothing but fire. Allah will not speak to them on the Day of Resurrection, nor purify them, and theirs will be a painful torment. Those are



they who have purchased error at the price of guidance, and torment at the price of forgiveness. So how bold they are (for evil deeds which will push them) to the Fire.'"

## ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: বুখারী ১১৮, ২৩৫০; আহমাদ ৭২৩৩, ৭৬৪৮।

তাহক্লীক আলবানী: সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু হুরমুয (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন